দৈনিক বাংলা

তারিখ 22 AUG 1991
পৃষ্ঠা ২ কলাম ৭

27

# আজ কুমিল্লা বোর্ডের এসএসসি পরীক্ষা আবার শুরু

(নিজস্ব সংবাদদাতা)

কুমিল্লা, ২১শে আগস্ট।—আগামীকাল বৃহস্পতিবার থেকে কুমিল্লা শিক্ষা বোর্ডের এসএসসি পরীক্ষা আবার শুরু হচ্ছে। এর আগে গত ২রা মে ঘূর্ণিঝড় ও জলোচ্ছ্বাসের কারণে

(শেষ পৃঃ ৮–এর ২ঃ দ্রঃ)

## আজ কুমিল্লা বোর্ডের

(প্রথম পৃষ্ঠার পর)

পরীক্ষা পিছিয়ে ৩০শে জুনে আনা হয়। কিন্তু কিছু প্রশ্ন ফাঁস হয়ে যাওয়ায় বাংলা ছাড়া সকল পরীক্ষা বাতিল করা হয়।

কুমিল্লা শিক্ষা বোর্ডে এ বছর এসএসসি পরীক্ষায় মোট এক লাখ ৩০ হাজার ১৪৩ জন ছাত্রছাত্রী অংশ নিচ্ছে। এর মধ্যে বাংলা পরীক্ষায় বহিষ্কৃত প্রায় ১১শ' ছত্রছাত্রী এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

কুমিল্লা বোর্ডে এ বছর কেন্দ্রের সংখ্যা সৌদী আরবের রিয়াদে একটি কেন্দ্রসহ মোট ১৩১টি।